

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date 05-01-2025

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর –

- ১) ভারত – বাংলাদেশ আন্তর্জাতিক জল সীমানায় দু-দেশের মৎস্যজীবীদের হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন। সাগরদ্বীপে ফিরছেন ৯৫ জন মৎস্যজীবী।
- ২) গঙ্গাসাগর মেলার প্রস্তুতি খতিয়ে দেখতে আগামীকাল দু-দিনের সফরে সেখানে যাচ্ছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।।
- ৩) সরকারী পরিবহণ পরিকাঠামোতে উন্নতির লক্ষে রাজ্য সরকার অস্থায়ী ভিত্তিতে চালক ও কন্ডাক্টর পদে নিয়োগ প্রক্রিয়া শুরু করেছে।
- ৪) রাজ্যের সংশোধিত চূড়ান্ত ভোটার তালিকা আগামীকাল প্রকাশিত হবে।
- ৫) মালদায় তৃণমূল কংগ্রেস নেতা দুলালচন্দ্র সরকার খুনের ঘটনায় মূল অভিযুক্তদের সন্ধান দিলে পুরস্কার মূল্য ঘোষণা পুলিশের।
- ৬) বিজয় হাজারে ট্রফি ক্রিকেটে বাংলা আজ ৬ উইকেটে মধ্যপ্রদেশের কাছে পরাজিত হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

ভারত – বাংলাদেশ আন্তর্জাতিক জল সীমানায় দু-দেশের মৎস্যজীবীদের হস্তান্তর প্রক্রিয়া আজ সম্পন্ন। বাংলাদেশ থেকে সাগরদ্বীপে ফিরেছেন ৯৫ জন মৎস্যজীবী। ফিরছে মৎস্যজীবীদের আটক ৬-টি ট্রলারও।

অন্যদিকে, ভারত থেকে বাংলাদেশ ফিরলেন ৯০ জন মৎস্যজীবী। আন্তর্জাতিক জলসীমা লঙ্ঘনের অভিযোগে দুই তরফেই এই মৎস্যজীবীদের গ্রেফতার করা হয়েছিল। বাংলাদেশজুড়ে সাম্প্রতিক হিংসার পরিস্থিতিতে জেলবন্দি ভারতীয় মৎস্যজীবীদের পরিবারগুলি বেশ দুঃশ্চিন্তায় দিন কাটাচ্ছিলেন। সম্প্রতি দু-দেশের বিদেশ মন্ত্রকের আলোচনায় মৎস্যজীবীদের বিষয়টিও উঠে আসে। মুক্ত ভারতীয় মৎস্যজীবীরা আগামীকাল সকালে সাগরদ্বীপ পৌঁছবেন।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মৎস্যজীবী ও তাদের পরিবারগুলির সঙ্গে সাক্ষাৎ করবেন বলে জানা গেছে। আর্থিক সহায়তার পাশাপাশি তাদের হাতে উপহারও মুখ্যমন্ত্রী তুলে দেবেন বলে সূত্রের খবর।

উল্লেখ্য, পৌষ সংক্রান্তি উপলক্ষে আসন্ন গঙ্গাসাগর মেলার প্রস্তুতি সরেজমিনে খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামীকাল গঙ্গাসাগর যাচ্ছেন। দুপুরে কলকাতা থেকে আকাশপথে গঙ্গাসাগরে পৌঁছে তিনি মেলার সার্বিক পরিস্থিতি খতিয়ে দেখবেন। পাশাপাশি সমুদ্র তটের বিভিন্ন ঘাট গুলিতে নদী বাঁধ ভাঙ্গন রুখতে কি পদক্ষেপ নেওয়া হয়েছে তা নিয়ে প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে বৈঠক করার পাশাপাশি মুড়িগঙ্গা নদীতে ড্রেজিং এবং তার উপরে সেতু নির্মাণের বিষয়ও তিনি কথা বলবেন বলে মনে করা হচ্ছে। মঙ্গলবার মুখ্যমন্ত্রীর কলকাতায় ফেরার কথা। আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন-

ভয়েস কাস্ট-গৌতম মন্ডল

আগামী ৯ থেকে ১৭-ই জানুয়ারী পর্যন্ত সাগর মেলা চলবে। তীর্থযাত্রীদের মেলায় আসার আবেদন জানিয়ে রাজ্য সরকার, ইতমধ্যেই মোবাইলে এসএমএস পাঠানোর কাজ শুরু করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, প্রতিবেশী বাংলাদেশের বর্তমান অশান্ত পরিস্থিতির প্রেক্ষিতে আসন্ন গঙ্গাসাগর মেলার ভিড়কে কাজে লাগিয়ে রাজ্যে অনুপ্রবেশ ঘটতে পারে বলে আশঙ্কা প্রকাশ করে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক, রাজ্য সরকারকে চিঠি দিয়েছে। সুন্দরবনের উপকূল এলাকায় উপকূলরক্ষী বাহিনী এবং নৌসেনা নজরদারির কাজ শুরু করেছে।

অন্যদিকে মেলার নিরাপত্তায় বারো হাজার পুলিশ কর্মী ও আধিকারিক মোতায়েন ছাড়াও সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে সুন্দরবনের বিভিন্ন ট্রলারের লাইসেন্স পরীক্ষা করা হচ্ছে। নজর রাখা হচ্ছে ফেরি সার্ভিসের যাত্রীদের উপরেও। মেলা চলাকালীন সাগর ও মেদিনীপুরের মধ্যে চলাচলকারী ফেরি সার্ভিস বন্ধ রাখতে বলা হয়েছে। মেলার নিরাপত্তায় ১২-শো ক্লোজ সার্কিট ক্যামেরা থাকবে বলে জেলাশাসক সুমীত গুপ্ত জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বাংলাদেশ সীমান্তে অনুপ্রবেশ নিয়ে বিএসএফ-এর বিরুদ্ধে অবমাননাকর মন্তব্যের জন্য মুখ্যমন্ত্রীকে খোলা চিঠি দিয়েছেন। মুখ্যমন্ত্রী ভোট ব্যাংকের স্বার্থে এই ধরনের অভিযোগ উত্থাপন করছেন বলে শুভেন্দু বাবুর অভিযোগ। তিনি বলেন, সেনাদের সম্পর্কে মুখ্যমন্ত্রীর এই ধরনের অবমাননাকর মন্তব্য অত্যন্ত দুঃখজনক। অনুপ্রবেশকারীরা এ রাজ্যে প্রবেশ করলে কিভাবে তাদের পরিচয় পত্র তৈরি হয় এবং পুলিশ ও অন্যান্য আধিকারিকরা কিভাবে সে গুলি যাচাই করে নাগরিকত্ব দেয় তিনি বিরোধী দলনেতা সে প্রশ্ন তোলেন। অনুপ্রবেশ রুখতে রাজ্যের অভ্যন্তরে বিএসএফের নজরদারির সীমানা বৃদ্ধির সিদ্ধান্তে রাজ্য সরকার কেন বিরোধিতা করে শ্রী অধিকারী সে সম্পর্কেও প্রশ্ন তুলেছেন।

০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার শহরতলী এবং গ্রামীণ এলাকায় সরকারি পরিবহন পরিকাঠামোতে উন্নতির পাশাপাশি নতুন কর্মসংস্থানের লক্ষ্যে অস্থায়ী ভিত্তিতে চালক ও কন্ডাক্টর পদে নিয়োগ প্রক্রিয়া শুরু করেছে। কয়েকশো পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের অনুমোদন চেয়ে ইতিমধ্যে অর্থ দপ্তরে আবেদন জানানো হয়েছে বলে নবান্ন সূত্রে খবর। রাজ্য সরকার এই প্রস্তাবে অনুমতি দিলে রাস্তায় আরও বেশি করে সরকারি বাস নামানো সম্ভব হবে বলে মনে করা হচ্ছে।

উল্লেখ্য মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গত বৃহস্পতিবার নবান্নে প্রশাসনিক বৈঠকে রাস্তায় সরকারি বাসের অপ্রতুলতা নিয়ে পরিবহন দপ্তরের কাজে তীব্র অসন্তোষ প্রকাশ করেছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের সংশোধিত সচিত্র চূড়ান্ত ভোটার তালিকা আগামীকাল প্রকাশিত হবে। সকাল ১১টা নাগাদ এই তালিকা প্রকাশ হবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে খবর। রাজ্যের প্রতিটি জেলা নির্বাচনী আধিকারিক, মহকুমা শাসক বা ERO কার্যালয়, বুথ স্তরে এবং রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের ওয়েবসাইটে চূড়ান্ত ভোটার তালিকা পাওয়া যাবে। গত ১২ই নভেম্বর রাজ্যের খসড়া ভোটার তালিকা প্রকাশিত হয়। ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধন কর্মসূচি চলে গত ১২ই নভেম্বর থেকে ১২ই ডিসেম্বর পর্যন্ত।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকারী শিক্ষকদের অবসরের বয়সসীমা বাড়ানো হয়নি বলে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন। আজ সোশ্যাল মিডিয়ায় এক পোস্টে তিনি বলেন, শিক্ষকদের অবসরের বয়স ৫ বছর বাড়ছে, এরকম একটি খবর সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়ে। তা সম্পূর্ণ ভুল ও ভ্রান্তিমূলক। তিনি এধরনের বার্তা সোশ্যাল মিডিয়ায় না ছড়ানোর আবেদন জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

স্বচ্ছতার সঙ্গে নিযুক্ত শিক্ষক-শিক্ষাকর্মীদের চাকরি বহাল রাখার দাবিতে মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতি - STEA আজ কলকাতায় বিক্ষোভ মিছিল করেছে। সুবোধ মল্লিক স্কোয়ার থেকে মিছিল শুরু হয়, তাঁদের ধর্মতলা পর্যন্ত যাওয়ার কথা থাকলেও চাঁদনী চক মেট্রো স্টেশনের কাছে পুলিশ আটকে দিলে শিক্ষক-শিক্ষিকাদের সঙ্গে পুলিশের ধস্তাধস্তি শুরু হয়। সেখানে রাস্তায় বসে বিক্ষোভ চলে। এক প্রতিনিধি দল ওয়াই চ্যানেলে ধর্নারত যোগ্য শিক্ষকদের সভায় সংহতি জানাতে যায়। পরে সাধারণ সম্পাদকের নেতৃত্বে সাত সদস্যের একটি প্রতিনিধি দল মুখ্যমন্ত্রীর বাসভবনে গিয়ে স্মারক লিপি জমা দেন বলে STEA সূত্রের খবর।

০০০০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর জন্মদিন উপলক্ষ্যে শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। আজ ৫ই জানুয়ারি মমতা ব্যানার্জী ৭০ বছরে পদার্পণ করেছেন। আজ সকালে এক্স হ্যাণ্ডেলে এক বার্তায় মুখ্যমন্ত্রীর সুস্থতার পাশাপাশি দীর্ঘ জীবন কামনা করেন প্রধানমন্ত্রী।

শুভেচ্ছা জানিয়েছেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গেও।

০০০০০০০০০০০০০০০০০০

আকাশবাণী কলকাতা সংবাদ বিভাগের বিভিন্ন পদে ক্যাজুয়াল চুক্তিভিত্তিক নিয়োগের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশিত। সফল পরীক্ষার্থীদের নামের তালিকা আকাশবাণী ভবনের রিসেপশন এবং সংবাদ বিভাগের সামনে টাঙানো আছে।

আকাশবাণী কলকাতা সংবাদ বিভাগের সমস্ত সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও এই তালিকা দেখতে পাওয়া যাচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

মালদায় তৃণমূল কংগ্রেস নেতা দুলাল চন্দ্র সরকার ওরফে বাবলা সরকারের খুনের ঘটনায় মূল অভিযুক্ত দু-জনের সন্ধান দিলে পুরস্কার মূল্য ঘোষণা করেছে জেলা পুলিশ।

এই ঘটনায় এখনও পর্যন্ত ৫ জনকে গ্রেফতার করা হলেও মূল দুই অভিযুক্ত বাবলু যাদব এবং কৃষ্ণ রজক, ওরফে রোহন এখনও পলাতক। তাদের সন্ধান দিতে পারলে ২ লক্ষ টাকা নগদ পুরস্কার দেওয়া হবে বলে পুলিশ সূত্রে ঘোষণা করা হয়েছে। প্রকাশ করা হয়েছে ২ জনের ছবিও।

এদিকে, তৃণমূল কংগ্রেসই মালদার দলীয় কাউন্সিলার বাবলা সরকারকে খুন করতে বিহার থেকে দুষ্কৃতিদের ভাড়া করে নিয়ে এসেছে বলে রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন। আজ সকালে বিমান বন্দরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে সুকান্তবাবু বলেন, তৃণমূল কাউন্সিলারের স্ত্রী বলেছেন, গোষ্ঠী দ্বন্দ্বের কারণেই তাঁর স্বামীর মৃত্যু হয়েছে। উন্মুক্ত সীমান্তের কারণে রাজ্যে জঙ্গীদের অবাধ অনুপ্রবেশ ঘটছে বলেও তিনি অভিযোগ করেন।

(বাইট – সুকান্ত)

অন্য রাজ্যে আইনশৃঙ্খলা পরিস্থিতির তুলনায় পশ্চিমবঙ্গ অনেক সুরক্ষিত বলে তৃণমূল কংগ্রেসের রাজ্য সম্পাদক কুনাল ঘোষ মন্তব্য করেছেন।

(বাইট – কুনাল)

০০০০০০০০০০০০০০০০০০০০

ঝঞ্ঝার কারণে রাজ্যে শীত কিছুটা থমকে। আগামী দুদিন শুষ্ক আবহাওয়া থাকলেও ৭ তারিখ উত্তরবঙ্গের কয়েকটি জেলায় হালকা বৃষ্টির সম্ভাবনা বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন-

বাইট

০০০০০০০০০০০০০০০০০০০০

বিজয় হাজারে ট্রফি ক্রিকেটে বাংলা আজ ৬ উইকেটে মধ্যপ্রদেশের কাছে পরাজিত হয়েছে। প্রথমে ব্যাট করে বাংলা নির্ধারিত ৫০ ওভারে ৭ উইকেটে ২৬৯ রান করে। জবাবে মধ্যপ্রদেশ ২২ বল বাকি থাকতে ৪ উইকেট হারিয়ে প্রয়োজনীয় রান

তুলে নেয়। এই ম্যাচে হেরে যাওয়ায় বাংলা সরাসরি কোয়ার্টার ফাইনালে যেতে পারছে না। বৃহস্পতিবার বাংলা প্রি-কোয়ার্টার ফাইনাল ম্যাচে হরিয়ানার মুখোমুখি হবে।

oooooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooooo

